

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটির জুলাই-আগস্ট/২৩ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ২৫/০৭/২০২৩ ইং।

সময় : ১২.০০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মোহাম্মদ লিটন আহমেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।


সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা মৎস্য অফিসার সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম :

উপজেলা মৎস্য অফিসার ও উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, তাদের স্ব স্ব অফিসের কার্যক্রম খুব সুন্দর ভাবে চলছে। উপজেলা মৎস্য অফিসার ও উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, তাদের স্ব স্ব অফিসের কার্যক্রম খুব সুন্দর ভাবে চলছে। উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, নিয়মিতভাবে মৎস্য চাষিদের পুকুর মনিটরিং করা হচ্ছে এবং তাদের প্রয়োজন অনুযায়ী পরামর্শ প্রদান করা হচ্ছে। পরে উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, প্রাণিসম্পদ দপ্তর থেকে গবাদী পশু পালন খামার, দুগ্ধ উৎপাদন খামার নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। পাশাপাশি গবাদিপশুকে ভ্যাকসিনেশন করা হচ্ছে। বিস্তারিত বিষয়ে অবগত হয়ে সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহাম্মদ লিটন আহমেদ)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি

শ্রীমঙ্গল, মৌলভীবাজার